125

তারিখ ... 26 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক বাংলা

# দু'সপ্তাহের মধ্যে এসএসসি পরীক্ষার ফল বেরুতে পারে

**মিডিয়া সিন্ডিকেট** ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের এখনও সপ্তাহ দু'য়েক বাকি।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ময়েজ উদ্দিন আহমেদ এ তথ্য জানিয়ে বলেন, এই প্রথম বারের মতো নিজস্ব কম্পিউটার পদ্ধতিতে ফল প্রকাশ করা হবে বলে একটু দেরি হচ্ছে। যদিও

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## দু'সপ্তাহের মধ্যে

(প্রথম পৃষ্ঠার পর)

১৯৯৪ সালের পরীক্ষার ফলও কম্পিউটার পদ্ধতিতে প্রকাশ করা হয়েছে কিন্তু তখন পরিচালনায় ছিল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। এ বছর ধানমন্ডিস্থ নিজস্ব শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র থেকে এর প্রসেসিং চলছে।

তিনি জানান, ঢাকা শিক্ষা বোর্ডসহ অন্যান্য শিক্ষা বোর্ডের অধীনে এ বছর প্রায় ৬ লাখ ৫২ হাজার ছাত্র-ছাত্রী অংশ নিয়েছে। এক্ষেত্রে ওই কম্পিউটার কেন্দ্রে আলাদা আলাদা কক্ষে গড় পড়তায় ৪০ জন দক্ষ-অদক্ষ লোক দিন-রাত কাজ করে যাচ্ছে। শিক্ষা সচিব মোহাম্মদ এরশাদুল হকসহ শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ প্রায়ই ওই কেন্দ্র পরিদর্শন করেন বলে তিনি জানান।

চেয়ারম্যান প্রফেসর ময়েজ উদ্দিন বলেন, কম্পিউটার পদ্ধতির কার্যক্রম অনেকেই ভালভাবে বুঝতে পারে না বলে '৯৫-এর মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ করতে একটু সময় লেগে যাচ্ছে। তবে আশা করি আগামী মাসের প্রথম সপ্তাহের শেষ নাগাদ এ পরীক্ষার ফল প্রকাশ করা যাবে।